ঝিনাইদহে আর্জেন্টিনা ফ্যান ক্লাবের বর্ণাঢ্য র্যালি

বিশ্বকাপ ফুটবল ২০২৬ উপলক্ষে ঝিনাইদহে আর্জেন্টিনা সমর্থকদের অংশগ্রহণে এক বর্ণাঢ্য শোভাযাত্রা ও র্যালি অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (১৬ জুন) সকালে আর্জেন্টিনা ফ্যান ক্লাব ঝিনাইদহের উদ্যোগে শহরের কেন্দ্রীয় শহীদ মিনার চত্বর থেকে র্যালিটি শুরু হয়ে শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে নতুন ধোপাঘাটা ব্রিজ এলাকায় গিয়ে শেষ হয়।

র্যালিতে আর্জেন্টিনার জার্সি পরিহিত শত শত ফুটবলপ্রেমী তরুণ-তরুণী, শিশু ও বিভিন্ন বয়সী সমর্থক অংশ নেন। তাদের হাতে ছিল আর্জেন্টিনার জাতীয় পতাকার পাশাপাশি বাংলাদেশের জাতীয় পতাকা, ব্যানার, ফেস্টুন ও মিনি ফ্ল্যাগ। শোভাযাত্রার অন্যতম আকর্ষণ ছিল প্রায় ৫০০ ফুট দীর্ঘ আর্জেন্টিনার বিশাল পতাকা, যা সমর্থকরা বহন করেন।

এ ছাড়া আর্জেন্টিনার পতাকায় সজ্জিত প্রাইভেট কার, ছাদখোলা জিপ, বিশেষ বাইক শো, ব্যান্ড পার্টি, ডিজে টিম, আকাশি-সাদা বেলুন ও রঙিন স্মোক পুরো আয়োজনকে উৎসবমুখর করে তোলে। সমর্থকদের স্লোগান ও বাদ্যযন্ত্রের তালে তালে শহরজুড়ে সৃষ্টি হয় আনন্দঘন পরিবেশ।

র্যালির আগে কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে সমর্থকদের উদ্দেশ্যে বক্তব্যদেন আর্জেন্টিনা ফ্যান ক্লাব ঝিনাইদহের উপদেষ্টা সদস্য ও ঝিনাইদহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম লিটন, এম রায়হান, স্ট্রাইকার ভলান্টিয়ার শাহীনুর রহমান লিটন, ডিফেন্ডার ভলান্টিয়ার আহসান জিকু, কিপার ভলান্টিয়ার শাহজাহান নবীন, মিডফিল্ড ভলান্টিয়ার সামিউল পারভেজ সামি এবং ডিফেন্ডার ভলান্টিয়ার সুলতান আল এনাম।

এ সময় ফ্যান ক্লাবের ডিফেন্ডার ভলান্টিয়ার জহিরুল ইসলাম, ইনজামামুল হক, শিমুল হোসেন, সাকিব হোসেন, ইমরান, সোহাগ, নাহিদ, নয়ন, শাকিল, শাওন, তরিকুল ইসলাম, শফিক হোসেন, জাহিদুজ্জামান, শোয়েব আহমেদ, হোসাইন পার্সি, জিসান, রিজভী, হোসাইন রানা প্রমুখ উপস্থিত ছিলেন।

র্যালিতে অংশ নিতে আসা শিশু তাহফিম আহাম্মেদ নিশাদ বলেন, “আমি আর্জেন্টিনার সমর্থক। এত বড় র্যালিতে অংশ নিতে পেরে খুব ভালো লাগছে। আমি চাই আর্জেন্টিনা বিশ্বকাপে ভালো খেলুক।” আর এত মানুষের অংশগ্রহণ দেখে খুব ভালো লাগছে।

এসএসসি পরীক্ষার্থী সিয়াম সরদার বলেন, “ফুটবল আমার খুব প্রিয় খেলা। আর্জেন্টিনার খেলা আমি নিয়মিত দেখি। “বিশ্বকাপকে সামনে রেখে এমন আয়োজন সত্যিই আনন্দের। বন্ধুদের সঙ্গে র্যালিতে অংশ নিয়েছি। আশা করি, আর্জেন্টিনা এবারও ভালো খেলবে।”

তরুণী সাদিয়া মল্লিক বলেন, “আর্জেন্টিনা শুধু একটি দল নয়, এটি আমাদের আবেগের নাম। এত সুন্দর ও উৎসবমুখর পরিবেশে অংশ নিতে পেরে খুব আনন্দ লাগছে। বিশ্বকাপ ঘিরে এমন আয়োজন ফুটবলপ্রেমীদের আরও কাছাকাছি নিয়ে আসে।”

সরকারি নূরুন নাহার মহিলা কলেজের এইচএসসি পরীক্ষার্থী কেয়া খাতুন বলেন, “বিশ্বকাপ ঘিরে সমর্থকদের এমন উৎসাহ দেখে ভালো লাগছে। আমরা চাই একটি সুন্দর ও প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ বিশ্বকাপ দেখতে।” আর “আর্জেন্টিনার প্রতি ভালোবাসা থেকেই আজকের র্যালিতে এসেছি। নারী-পুরুষ, শিশু-কিশোর সবাই একসঙ্গে অংশ নেওয়ায় আয়োজনটি আরও প্রাণবন্ত হয়েছে। আমি আশা করি, বিশ্বকাপে আর্জেন্টিনা সমর্থকদের প্রত্যাশা পূরণ করবে।”

সরকারি কেশবচন্দ্র কলেজ (কেসি কলেজ)-এর অনার্স শেষ বর্ষের শিক্ষার্থী লাবনী আক্তার বলেন, “ফুটবল মানুষকে এক করে। আর্জেন্টিনা সমর্থকদের এই আয়োজন উৎসবের আবহ তৈরি করেছে। এমন আয়োজন ভবিষ্যতেও অব্যাহত থাকুক।”

আয়োজকদের ভাষ্য, ফুটবলের প্রতি ভালোবাসা এবং আর্জেন্টিনা দলের প্রতি সমর্থন প্রকাশের লক্ষ্যেই এ আয়োজন। তারা আশা প্রকাশ করেন, বিশ্বকাপ ২০২৬-এ আর্জেন্টিনা ভালো পারফরম্যান্স করে সমর্থকদের প্রত্যাশা পূরণ করবে।

আর্জেন্টিনা ফ্যান ক্লাব ঝিনাইদহের স্ট্রাইকার ভলান্টিয়ার শাহীনুর রহমান লিটন বলেন, “প্রাণের উচ্ছ্বাসে হাজারো সমর্থক আজকের শোভাযাত্রায় অংশ নিয়েছেন। এটি সকল সমর্থকের সম্মিলিত প্রচেষ্টার ফল। আমরা আশা করি, আর্জেন্টিনা আবারও শিরোপা জিতবে। একই সঙ্গে ভবিষ্যতে বাংলাদেশও বিশ্বকাপের মঞ্চে জায়গা করে নেবে। তবে শেষ পর্যন্ত যে দলই চ্যাম্পিয়ন হোক, ফুটবলের জয় হোক।”